

২৫ জুলাই ২০২২

নোটিশ

সম্প্রতি বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৪৫১৫/২০২২ এর আদেশের প্রেক্ষিতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্দেশিত হয়ে (স্মারক নং ৩৭.০১.০০০০.১৩২.৯৯.০০২.২১.৪৮১, তারিখ ০৩ জুলাই ২০২২) বাংলাদেশের সকল বিশ্ববিদ্যালয়ে 'র্যাগ ডে' উদযাপন নিষিদ্ধ ঘোষণা করা হচ্ছে। এর পরিবর্তে প্রত্যেক বিশ্ববিদ্যালয়ে স্ব স্ব বিভাগের তত্ত্বাবধানে 'শিক্ষা সমাপনী দিবস' / 'Graduation Ceremony' উদযাপন করা যাবে।

এই শিক্ষা সমাপনী দিবস উদযাপনে ও অন্যান্য যে কোন অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয় বাংলাদেশ-এ নিম্নলিখিত নিয়মাবলী আবশ্যিকভাবে পালন করতে হবেঃ

১। স্ব স্ব বিভাগের তত্ত্বাবধানে বিভাগের বর্তমান শিক্ষার্থীবৃন্দ বিদ্যায়ী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন করবে। এবং শিক্ষা সমাপনী দিবস উদযাপন সহ অন্যান্য যে কোন অনুষ্ঠানে আয়োজকের দায়িত্বপ্রাপ্ত শিক্ষকমণ্ডলীকে অনুষ্ঠানস্থলে সার্বক্ষণিক অবস্থান করে অনুষ্ঠানের কার্যক্রম তদারকি করতে হবে।

২। সকল প্রকারে রঙ খেলা/রঙ মাখামাখি/পানি ছিটিয়ে খেলা কঠোর ও সর্বাঙ্গিকভাবে নিষিদ্ধ।

৩। বিশ্ববিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠান আয়োজনের জন্য ১ (এক) জোড়ার বেশি সাউন্ডবক্স বাইরে থেকে ভাড়া আনা যাবে না এবং তা নিচুস্বরে/অল্প আওয়াজে পরিচালনা করতে হবে যেন বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ নষ্ট না হয়।। সকল প্রকারের ডিসকো লাইট/ফ্যাশন লাইট এর ব্যবহার কঠোর ও সর্বাঙ্গিকভাবে নিষিদ্ধ।

৪। ডিজে পার্টি পরিচালনা করা, অনুষ্ঠানস্থলে অন্ধকারাচ্ছন্ন পরিবেশ সৃষ্টি করা, ছাত্র-ছাত্রীদের উদ্দাম নাচানাচি করা, ফগ মেশিনের সাহায্যে অনুষ্ঠানস্থলে ধোঁয়াটে পরিবেশ সৃষ্টি করা কঠোর ও সর্বাঙ্গিকভাবে নিষিদ্ধ।


৫। সর্বক্ষেত্রে তামাকজাত দ্রব্য ও মাদকের ব্যবহার কঠোর ও সর্বাঙ্গিকভাবে নিষিদ্ধ।

৬। পোশাক ব্যবহারের ক্ষেত্রে যে কোন উপায়ে সামাজিক ও ধর্মীয় শালীনতা বজায় রাখতে হবে এবং যে কোন ধরনের নগ্নতা, অশোভন আচরণ, অন্যকে দিয়ে জোরপূর্বক কিছু করানো, বলানো বা হুমকি প্রদান, বুলিং (Bullying) কঠোর ও সর্বাঙ্গিকভাবে নিষিদ্ধ।

৭। নিজস্ব ও দেশীয় সংস্কৃতির বিকাশ, বিস্তার ও প্রচলনকল্পে এবং বিদেশি ও বিজাতীয় সংস্কৃতির আগ্রাসন রোধকল্পে শিক্ষা সমাপনী দিবস উদযাপন সহ অন্যান্য যে কোন অনুষ্ঠানে মাতৃভাষার (অথবা প্রযোজ্য ক্ষেত্রে স্বীকৃত কোন আন্তর্জাতিক ভাষা, যেমন ইংরেজি) ব্যবহার, দেশীয় কৃষ্টি ও সংস্কৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ রুচিশীল অনুষ্ঠানমালা আয়োজন করতে হবে।

শিক্ষা সমাপনী দিবস উদযাপন সহ অন্যান্য যে কোন অনুষ্ঠান আয়োজনের আবেদনপত্রের সাথে পূর্ণাঙ্গ অনুষ্ঠানসূচী (আয়োজকদের পরিচিতি ও যোগাযোগের ঠিকানা সম্বলিত পূর্ণাঙ্গ তালিকা সহ) সংযুক্ত করে বিভাগীয় প্রধানের কাছে মাধ্যমে প্রস্টর অফিস বরাবর প্রেরণ করতে হবে। যথাযথ মূল্যায়ন নিশ্চিত করার জন্য যে কোন অনুষ্ঠান আয়োজনের কমপক্ষে ২ (দুই) সপ্তাহ আগে আবেদন পত্র জমা দিতে হবে।

উপরিউক্ত নিয়মাবলীর সামান্যতম ব্যত্যয় ঘটলে অনুষ্ঠান আয়োজনের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গের বিরুদ্ধে দেশের প্রচলিত আইন ও বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মাবলী অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


26.07.2022

এ এন এম আরিফুর রহমান
প্রস্টর, স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয় বাংলাদেশ

সংযুক্তিঃ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর নির্দেশনা (স্মারক নং ৩৭.০১.০০০০.১৩২.৯৯.০০২.২১.৪৮১, তারিখ ০৩ জুলাই ২০২২)



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



জ্বরির

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৩২.৯৯.০০২.২১.৪৮১

তারিখ: ১৯ আষাঢ়, ১৪২৯

০৩ জুলাই ২০২২

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে 'র্যাগ ডে' উদ্‌যাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৪৫১৫/২০২২ এর একটি আদেশে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'র্যাগ ডে' উদ্‌যাপনের নামে সকল ধরনের অগ্নীলতা, নগ্নতা, ডিজি পার্টি, অশোভন আচরণ, নিষ্ঠুর ও নিবিদ্ধ কর্মকান্ড এবং বুলিং অবিলম্বে বন্ধ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

হাইকোর্ট ডিভিশনের উল্লিখিত নির্দেশনা মোতাবেক সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ে উক্তরূপ কর্মকান্ড অবিলম্বে বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

মোঃ ওমর ফারুক

পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ)

রেজিস্টার, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৩২.৯৯.০০২.২১.৪৮১/১(৪)

তারিখ: ১৯ আষাঢ়, ১৪২৯

০৩ জুলাই ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ২) সিনিয়র সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন